দৈনিক সংবাদ

৮/৯/২০০১

তারিখঃ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ...

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

নিজস্ব বার্তা পরিবেশক : আজ ৮ই সেপ্টেম্বর। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। বাংলাদেশ এ দিনটিকে জাতীয় বয়স্ক শিক্ষা সপ্তাহ হিসেবেও পালন করছে। এ দিনটি উপলক্ষে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ, তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান পৃথক পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি তার বাণীতে বলেন, দেশের সার্বিক উন্নয়নে দক্ষ মানবসম্পদের কোন বিকল্প নেই এবং সর্বস্তরের জনগণের মধ্যে শিক্ষার বিস্তার ঘটিয়ে এ দক্ষ মানবসম্পদ সৃষ্টি করা যায়। এ প্রেক্ষাপটে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের গুরুত্ব অপরিসীম।

প্রধান উপদেষ্টা তার বাণীতে বলেন, বাংলাদেশ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও জাতীয় বয়স্ক শিক্ষা সপ্তাহ ২০০১ উদযাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। নিরক্ষরতা দূরীকরণে সমাজের সর্বস্তরে উদ্দীপনা ও সচেতনতা বৃদ্ধিতে এ কর্মসূচি গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমার বিশ্বাস।